দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর
ISO 9001:2015 Certified
মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েবসাইট- www pbs2.dinajpur.gov.bd

স্মারক নং-২৭.১২.২৭৩৮.৫৪৪.০২.০০৮.২৪.৩৩৬৪

তারিখঃ ২৭ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ।
১১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ।

# "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ লাইন টেকনিশিয়ান পদে শূণ্য পদের বিপরীতে নিয়োগ/প্যানেলের গঠনের নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত কর্মচারী যারা পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ এর আলোকে পদোন্নতি/নিয়োগের যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১. | লাইন টেকনিশিয়ান | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | (ক) এস.এস.সি বা সমমানে (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মোট চাকুরীকাল ন্যূনতম ১০ (দশ) বছর হতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরন সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রয়োজনীয় লাইনম্যান ট্রেনিং এ উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট প্রস্তুত, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা ও বিতরণ লাইন রক্ষণাবেক্ষণসহ জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(চ) অধীনস্থ লাইন ক্রুগণকে নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(ছ) লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে।<br>(জ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে। |

**অন্যান্য শর্তাবলীঃ-**

আবেদনকারীকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, চাকুরিতে যোগদানের তারিখ, নিয়মিতকরণের তারিখ ইত্যাদি উল্লেখ করতঃ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-এর সুপারিশ পূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ **আগামী ২৮/০৯/২০২৪ খ্রিঃ** তারিখ, রোজ শনিবার, সকাল ৯:০০ ঘটিকায় দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এ আবেদনপত্রসহ স্বশরীরে উপস্থিত হতে হবে।

**আবেদন পত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি সংযুক্ত করতে হবে (জেনারেলম্যানেজার/এজিএম (মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত হতে হবে):**

(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি।

(গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

(ঙ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) প্রশিক্ষণে উত্তীর্ণ হবার সত্যায়িত ফটোকপি।

(ছ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স-এর সত্যায়িত ফটোকপি **(পরীক্ষার দিন মূল ড্রাইভিং লাইসেন্স সাথে আনতে হবে)।**

(জ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫ বৎসরের কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা এবং কোন প্রকার তদন্ত প্রক্রিয়াধীন আছে কিনা তার প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

(ঝ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (১ হতে ৮ পর্যন্ত) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(১) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(২) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(৩) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(৪) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(৫) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(৬) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(৭) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন বা ফৌজদারী মামলা চলমান থাকলে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরূপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকাল হিসেবে গণ্য হবে।

(ঞ) পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে দিনাজপুর জেলায় স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

(ট) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য ''চলতি দায়িত্ব'' প্রদান করা হবে। ''চলতি দায়িত্বে'' থাকা কালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে।

(ঠ) পবিস নির্দেশিকা/সার্কুলার মোতাবেক বেতন ভাতাদি প্রদান করা হবে।

(ড) কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

(ঢ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী অথবা রক্তের সর্ম্পকীয়দের আবেদন করার প্রয়োজন নাই।

(ণ) যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(ত) শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(থ) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২১/০৯/২৪

(প্রকৌঃ বিপুল কৃষ্ণ মন্ডল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ...........পবিস-১/২/৩/৪ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।
০৫।ডিজিএম, কারিগরী-সদর/পার্বতীপুর/নবাবগঞ্জ/ঘোড়াঘাট জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
০৬। এজিএম (ওএন্ডএম), হিলি/আমবাড়ী/রাণীগঞ্জ সাব-জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
০৭। এজিএম (ওএন্ডএম/ ইএন্ডসি/এমএস/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব/প্রশাসন/মানবসম্পদ/আইটি), দিনাজপুর পবিস-২।
০৮। অফিস কপি/ মাস্টার কপি/নোটিশ বোর্ড।

২১/০৯/২৪

(প্রকৌঃ বিপুল কৃষ্ণ মন্ডল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)